



গত ৬ এপ্রিল ২০২২ তারিখে জার্মানীর Technische Hochschule Mittelhessen University of Applied Sciences (THM) এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয় এর মাঝে গবেষণা সহযোগিতার জন্য সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান অনলাইন প্ল্যাটফর্ম জুমে অনুষ্ঠিত হয়।

এই উপলক্ষে ২৯ সেপ্টেম্বর ২০২২-বৃহস্পতিবার THM এর কম্পিউটার সায়েন্স বিভাগের অধ্যাপক ড. মোঃ রহমাতউল্লাহ খন্দকার জগন্নাথ বিশ্ববিদ্যালয় পরিদর্শন করেন এবং পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক এর সাথে সৌজন্য সাক্ষাৎ ও চুক্তিপত্রের হার্ডকপি হস্তান্তর করেন।

এসময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান ও সিএসই বিভাগের সহযোগী অধ্যাপক এবং কন্টাক্ট পার্সন মোঃ আবু লায়েক।